# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মাখন চন্দ্র সূত্রধর
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ।
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সভায় সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, বোরো আবাদ চলমান রয়েছে। এ পর্যন্ত বোরো আবাদ হয়েছে ১২১০ হেঃ। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। তিনি বলেন, বোরো আবাদ চলমান রয়েছে। এ পর্যন্ত ৭০% অর্থাৎ ৪০০০ হেক্টর আবাদ সম্পন্ন হয়েছে। আগামী বোরো মৌসুমে নতুন জাতের ধানের বীজ কৃষকদের প্রদান করা হবে মর্মে সভায় জানান। এছাড়া রাসায়নিক সার মজুদ রয়েছে।<br>চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি জানান, বোরো আবাদের কারণে এলাকার অগভীর টিউবওয়েলগুলোতে পানি উঠে না। গভীর নলকূপ ব্যক্তি কেন্দ্রিক না দিয়ে কিছু সংখ্যক মানুষের ব্যবহারের জন্য দৃশ্যমান জায়গায় দিলে এলাকার জনগন উপকৃত হবে।<br>চেয়ারম্যান, আদমপুর ইউপি জানান, এলাকার পানির সমস্যায় শেলো টিউবওয়েলের বিষয়ে উপজেলা কৃষি অফিসের সহযোগিতার প্রয়োজন। এছাড়া কৃষি অফিসের কৃষিখাতে বরাদ্দের বিষয়ে জনপ্রতিনিধিদের অবহিত করার বিষয়ে আলোচনা করেন। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত, প্রান্তিক ও গরীব কৃষকরা যাতে প্রণোদনা পায় সে বিষয়ে লক্ষ্য রাখতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৪-২৫ অর্থবছরের ১ম ও ২য় কিস্তির টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। এবং সকল ইউপি হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়াছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ২২টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ১টির কাজ চলমান । গড় অগ্রগতি ৯৯%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩০টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। উক্ত প্রকল্প হতে অনুমোদনপ্রাপ্ত আরও ১টি বাউন্ডারী ওয়াল ও গেট নির্মান সহ উপজেলা রিসোর্স সেন্টার মেরামত কাজের Evalution প্রক্রিয়াধীন। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজের গড় অগ্রগতি ৫০%। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখার পাশাপাশি তদারকি নিশ্চিত করা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) উপজেলা পরিষদের ঠিকাদারি নতুন লাইসেন্স ১০ টি ও পুরাতন নবায়নকৃত ৩৮টি লাইসেন্স অনুমোদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্র:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান, ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৮৮%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের অগ্রগতি ১০০%। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় ১১টি রাস্তা উন্নয়ন কাজ ১০০% সমাপ্ত। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৩টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষন কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৯২%। ২০২৪-২৫ অর্থবৎসরে ১১টি রাস্তা জরুরী মেরামত কাজের মধ্যে ৬টি ১০০% সমাপ্ত, ৫টির কাজ চলমান। গড় অগ্রগতি ৮২%। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ১টি খাল খনন কাজ ১০০% সমাপ্ত হয়েছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)"এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৯২%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের ১০টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। নতুন ১টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্ত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প: মৌলভীবাজার জেলা' শীর্যক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | | |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মিঃ দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেটে অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ চলমান। গড় অগ্রগতি ৭৫%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান আছে। অগ্রগতি ৭২%। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ৮০%। তিনি বলেন, ২০২৪-২৫ অর্থবছরের এডিপির টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি আরও বলেন, আগামী মার্চ-২০২৪ মাসের মধ্যে অর্থাৎ বর্ষা মৌসুমের আগে এডিপির কাজ সম্পন্ন করার বিষয়ে আলোচনা করেন।<br>চেয়ারম্যান প্রতিনিধি, মাধবপুর ইউপি জানান, পর্যটন এলাকার রাস্তা সমূহে প্রচুর গাড়ি চলাচল করায় আসন্ন পর্যটকদের সমস্যা চলাচলে বিভিন্ন সমস্যা হয়। ভানুগাছ থেকে ধলাই পর্যন্ত রাস্তা ভেঙ্গে গেছে। এছাড়া ধলাই থেকে হামিদুর রহমানের স্মৃতিসৌধের রাস্তায় ০১ ব্রিজ ভেঙ্গে গেছে। মেরামতের জন্য সভায় বলেন। গত বছরের নির্মিত লঙ্গুছড়া ব্রীজের পাশে গাইড ওয়াল নির্মাণের অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, পতনঊষার ইউপি জানান, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপির কাজ বর্ষা মৌসুমের আগে করার বিষয়ে আলোচনা করেন। এলজিইডির মেরামত খাত হতে বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো মেরামতের জন্য বলেন। অত্র ইউনিয়নে টিএসপিসহ অন্যান্য সারের ঘাটতি রয়েছে। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, চলতি ২০২৪-২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম ও ২য় কিস্তির খাতে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম ও ২য় খাতে প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প তালিকা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, টি.আর এর প্রকল্প ১.০০ লক্ষ টাকার নিচে ও কাবিখায় ২.০০ লক্ষ টাকার নিচে প্রকল্প গ্রহণ করা যাবে না। এছাড়া ইউনিয়ন পরিষদগুলো থেকে প্রাপ্ত তালিকা জেলা প্রশাসকের অনুমোদন পেলেই কাজ শুরু করা হবে। এ বিষয়ে চেয়ারম্যান, আদমপুর জানান, প্রকল্পগুলোর কাজ যাতে যথাযথভাবে সম্পন্ন হয় সেজন্য কাজগুলো মনিটরিং এর ব্যবস্থা করার প্রস্তাব দেন। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি বরাদ্দ অনুযায়ী জনগুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রম গ্রহণ,সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় কার্যক্রম নিয়মিত তদারকি, আকস্মিক দূর্যোগে সহায়তা অব্যাহত রাখা ও কাবিখা-কাবিটা খাতের বরাদ্দের সুষ্ঠ বন্টন করে কার্যক্রম তদারকি করতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জানুয়ারি/<u>২০২৫ খ্রিঃ মাসের পারফর্মেন্স:</u><br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৫৮ জন।<br>খ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৭৬০ জন।<br>গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ১১৭২ জন।<br>ঘ) ই.পি.আই কভারেজ জানুয়ারি/২৫ খ্রিঃ মাসে ৮%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করা, জরুরি সেবায় এ্যাম্বুলেন্স | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। তিনি আরও বলেন, আর্থিক অবস্থার উপর ভিত্তি করে রোগীদের চশমা ও ড্রপ বিনামূল্যে দেওয়া হচ্ছে। | সার্বক্ষণিক উপস্থিত থাকার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | • উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৫ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১০ জন, ইমপ্লান্ট= ৫২ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৮১ জন, ইনজেকটেবলস= ৭০ জন, কনডম= ৬৪ জন, সাধারন রোগি = ১৩৩১ জন। সিএআর- ৬৯.৩০%। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে, ঔষধের ঘাটতি দ্রুত পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসূচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসূচীতে (রাজস্ব) জানুয়ারি/২০২৫ ইং মাস পর্যন্ত মোট= ২,৮৯,০০,০০০/= ( দুই কোটি ঊননব্বই লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মোট আদায়যোগ্য ১,৩৮,১০০/- টাকা ও আদায়কৃত ১,০৮,৯০০/-টাকা, চলমান আদায়ের হার ৭৮.৮৬%। কিস্তি খেলাপী আদায় নাই, ঋণ খেলাপী আদায় নাই। ক্রমপুঞ্জিত আদায়কৃত-২,৪৫,৮৫,৪২৭/- টাকা। আদায়ের হার ৯১.৪৭%। চলতি অর্থ বছরের ঋণ বিতরণ-৮,৪০,০০০/- টাকা। চলতি অর্থ বছরে হাঁস-মুরগী পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ের ৪২০ জনের লক্ষ্যমাত্রা রহিয়াছে। প্রশিক্ষণ অগ্রগতি ৩৬০ জন। | বিধি মোতাবেক ঋণ প্রদান ও কিস্তি আদায় সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করতে এবং সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯ টি ইউনিয়ন ও কমলগঞ্জ পৌরসভায় ওএমএস টিসিবির মাধ্যমে ৪০২৯ জনকে জনপ্রতি ৫ কেজি করে ৩০/- টাকা দরে চাল বিক্রয় চলমান রয়েছে। এবং কমলগঞ্জ পৌরসবভা ওএমএস কার্যক্রম বর্তমানে ০২টি কেন্দ্রে ৬০০ জন প্রতি ৫ কেজি করে ৩০ টাকা দরে ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে আমন ধান সংগ্রহ ১০৬০ মে: টন লক্ষ্যমাত্রার মধ্যে ৫৪.৯৬০ মে: টন ধান সংগ্রহ করা হয় কারণ বাজার দর উর্দ্ধগতি হওয়ায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। আতপ চাল ১৩৪৩ মে:টন ও সিদ্ধ চাল ১৪৩ মে: টন লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ চাল ক্রয় অর্জন করা সম্ভব হয়েছে। তিনি আরও বলেন, আতপ ও সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পুরণ হয়েছে। | ওএমএস টিসিবি কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে ও আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, ২০২৫ সনের বিভিন্ন শ্রেণির জন্য ইতোমধ্যে যাহা বই পাওয়া গিয়াছে তাহা বিতরণ করা হয়েছে। যে সব বই পাওয়া যায়নি তাহা পাওয়া মাত্রই বিতরণ করা হবে। বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে নির্ধারিত তারিখ অনুযায়ী পরিচালনার সকল প্রস্তুতি নেওয়া হয়েছে। শিশু শ্রেণি ও ১ম শ্রেণির বইগুলো পেয়েছি এবং বন্টন করাও হয়েছে। ২য় থেকে ৫ম শ্রেণির বই অনেকগুলোই এসেছে এবং বন্টন করাও হয়েছে। এছাড়া পুরাতন বছরের বইয়ে কিছুটা পরিবর্তন করা হয়েছে। বিদ্যালয়ে খেলাধূলা ও বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি চলমান রয়েছে। আসন্ন ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসটি প্রশাসনিক নির্দেশনা মোতাবেক যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। | শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠ ও সুন্দরভাবে চালানো হয়, নীতিমালা অনুযায়ী বদলী কার্যক্রম গ্রহণ করতে এবং ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতা পূর্ণ খেলাধূলা নিশ্চিত করতে সুষ্ঠ কার্যক্রম গ্রহণের পাশাপাশি সার্বিক বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.০৯</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। ২০২৫ শিক্ষাবর্ষের ইবতেদায়ী, দাখিল, মাধ্যমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ কার্যক্রম চলমান আছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। তিনি বলেন, শীতকালীন খেলাধূলা সম্পন্ন হয়েছে। বই যেগুলো আসতেছে সবগুলো সাথে সাথেই বিতরণ করা হয়েছে। ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসটি পালনের বিষয়ে সকল মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পত্র দেওয়া হয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর জন্য প্রাপ্ত বইগুলো সঠিকভাবে বন্টন এবং তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, সীমান্ত দিয়ে ইলিশ মাছ পাচাররোধে বিজিবি সদস্যসহ সকলের সহযোগিতা কামনা করেন এবং ২০ (বিশ) জন মৎস্যচাষীকে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও বিজিবিকে ইলিশ মাছ পাচাররোধে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্রম</th><th>কার্যক্রম</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠন</td><td>০</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>২০০০/-</td><td>১,৩০,০০০/-</td><td>৩৬,৪৮,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>০</td><td>৪,০০০/-</td><td>৭,৭৭,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>০</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>১,০০,০০০/-</td><td>১০,১৫,০০০/-</td><td>৫,৬৩,৮০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>০</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>সভায় উপজেলা সমবায় অফিসার,কমলগঞ্জ জানান, অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য:-
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি (বিভাগীয় প্রাথমিক)</th><th>জানুয়ারি/২০২৫ খ্রি. পর্যন্ত অডিট সম্পাদন (বিভাগীয় প্রাথমিক)</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>জানুয়ারি/২০২৫ খ্রি. পর্যন্ত অডিট সম্পাদন (কেন্দ্রীয়)</th><th>জানুয়ারি/২০২৫ খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট সম্পাদন</th></tr>
<tr><td>১১০টি</td><td>৭২টি</td><td>০২টি</td><td>০২টি</td><td>৭৪টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>জানুয়ারি/২০২৫ খ্রি.পর্যন্ত ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস (কেন্দ্রীয়)</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
১। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td></td><td>১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। এবং ২০ জন পুরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/-টাকা ঋণ বিতরন করা হয়। সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা অদ্য জানুয়ারি/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/-টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/-টাকা সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৩</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান,
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>১২০০</td><td>৬৭৪৮০</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>২৪৪০০</td><td>১৫২৬১৯</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>২৩১৫</td><td>১৪২০৩</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৭২২০</td><td>৮৫৪৪৫</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>২৯৬</td><td>১৭৫৪</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>৯১</td><td>৬৩৪</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>৭</td><td>৪৭</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>৯৭</td><td>৬৪৪</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>-</td><td>৪০</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>২৫</td><td>১৪৫</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>১.৬</td><td>১৬.০৩</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>৭</td><td>৭৬</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>১৫২৭.১৫</td><td>১৩০২০.১</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৪২.০৩</td><td>২৩১.৪৬</td></tr>
<tr><td>মাংস উৎপাদন মেট্রিক টন)</td><td>১৯৭৬.৯৭</td><td>৯৬৪৯.৭৮</td></tr>
</table>
তিনি আরও বলেন, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ০১টি জরাজীর্ণ অর্থাৎ ব্যবহারের অনুপোযোগী ভবন নিলামে বিক্রয় করার জন্য উপজেলা প্রকৌশলীর মাধ্যমে ০১টি প্রাক্কলন পাওয়া গেছে। এই প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরও বলেন, উপজেলা প্রাণিসম্পদ অফিসের অভ্যন্তরের রাস্তাটি বর্ষার সময় পানিতে ডুবে যায়। রাস্তাটি সংস্কার করার জন্য সভায় উপস্থাপন করা হয় এবং অত্রাফিসের ভেতরে cowshed নির্মাণ করার বিষয়েও সভায় আলোচনা করেন। এছাড়া নৃ-তাত্বিক জনগোষ্ঠীর নতুন সুফলভোগীর তালিকা দ্রুত প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। মাংস বিক্রেতার (কসাই) প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। মাংসের মান নিয়ন্ত্রনের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করেন।<br><br>
চেয়ারম্যান, ০৭ নং আদমপুর জানান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রায় ১৩০০ পরিবার অত্র ইউনিয়নে রয়েছে। অনেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম গেজেটে তালিকাভূক্ত করা হয় নি। আমরা ইউনিয়ন পরিষদ থেকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উপকারভোগীর তালিকা প্রদান করলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুমোদনের প্রক্রিয়া গ্রহণ করবেন। বিগত বছরে তালিকাভূক্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর গবাদিপশু প্রদান করা হয়। তালিকায় নাম থাকা সত্ত্বেও অনেক উপকারভোগী তা পায় নি। আর যারা কিছু পেয়েছে সেগুলোর প্রায়ই মারা গেছে। তাই এই অর্থবছরে বরাদ্দকৃত অর্থ থেকে আমাদের প্রদানকৃত সকল উপকারভোগীদের সুস্থ্য-সবল গবাদিপশু প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করা ও ২০২৪-২৫ অর্থবছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের গবাদিপশু ও হাঁস-মুরগির বরাদ্দের নীতিমালা অনুযায়ী সুষ্ঠু বন্টন নিশ্চিত করতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

| নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৪ | বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, জানুয়ারি-২০২৫ মাসে ০৬ টি অভিযান করা। অভিযানে সেগুন গোল ০৪ টুকরা: ১৫.৬৮ ঘনফুট, গর্জন গোল ৩১ টুকরা: ১২২.৫৪ ঘনফুট, আগরবল্লী ১২ টুকরা: ১২০.০০ ঘনফুট, চাটাই ৩০ বান্ডিল ৪০০ পিস এবং টাটা পিকআপ গাড়ি ০১ টি জব্দ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে। তিনি আরও জানান, বেসরকারি বন ভূমির গাছ কাটার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন লাগবে। মালিকানাধীন বাড়ির অল্প সংখ্যক গাছ কর্তনে ও ছ'মিলে নিয়ে যেতে ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন থাকলে চলবে মর্মে সভায় জানান। | ক) অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ খ) চেয়ারম্যান, সকল ইউপি। |
| ৩.১৫ | সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি, কমলগঞ্জ জানান, আর.এস.এস.সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায় = ১২,৭০০/- ,পুন:নিয়োগ=২,৫৬,২৫০/-, মাতৃকেন্দ্র ঋণ বিনিয়োগ আদায়= ৩০,৯২৫/-, সুবর্ন নাগরিক কার্ড বিতরণ = ৩০ জন। প্রতারক চক্র বিভিন্ন প্রকার ভাতাভোগীদের ফোন দিয়ে মোবাইলের পিন নাম্বার জানতে চায় ও তাদের কে বিভিন্ন প্রলোভন দেখিয়ে সহজ সরল মানুষের কাছ থেকে পিন নাম্বার নিয়ে নেয়। এ ব্যাপারে মানুষকে সচেতন করা প্রয়োজন। প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি: পর্যন্ত আবেদন চলমান ছিল। | আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রচারের মাধ্যমে ভাতাভোগীদের প্রতারক চক্র থেকে সচেতন থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.১৬ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৩-২৪ চক্রের জানুয়ারি/২৫ খ্রি: মাসের চালের ডিও জারী করা হয়েছে। উপকারভোগীদের স্ব স্ব হিসাবে জমাকৃত সঞ্চয়ের টাকা ইউনিয়ন পরিষদ, চুক্তিবদ্ধ এনজিও কর্মী এবং সংশ্লিষ্ট ব্যাংকের সমন্বয়ে ফেরত প্রদান করা হচ্ছে। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ২০২৫-২০২৬ অর্থবছরে চক্র বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন ওয়ারী বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী জরুরি ভিত্তিতে উপকারভোগী নির্বাচনের জন্য অনলাইনে আবেদন করার নির্ধারিত সফটওয়্যার বন্ধ থাকায় অনলাইন আবেদন কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। অধিদপ্তর থেকে সফটওয়্যার ফুলে দেওয়া মাত্রই অনলাইন আবেদন সম্পন্ন করা হবে। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে জুলাই/২৪ খ্রি: হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত সময়ের এবং প্রতিটি পৌরসভায় ০৯ জন করে (প্রতি ওয়ার্ডে ০১ জন) এবং প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে জানুয়ারি/২০২৫ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের চলমান রয়েছে। জানুয়ারি/২৫ খ্রি. মাসে উপজেলা কমিটিতে নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। কোর্ট থেকে মালামাল উদ্ধারের ০১টি মামলা পাওয়া যায় ও মালামাল উদ্ধার করা হয়েছে। জানুয়ারি/২৫ মাসে ০১টি বাল্যবিবাহের অভিযোগ পাওয়া যায় এবং উক্ত বিয়ে বন্ধ করা হয়েছে। এছাড়া অত্রাফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূর্ণ-নির্মাণের জরুরি সহায়তা শীর্ষক প্রকল্প এর আওতায় ৪০টি গভীর নলকূপ এবং ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত পানির উৎস এবং পাবলিক টয়লেট স্থান মুখবদ্ধ অনুযায়ী পাওয়ার পরবর্তী সময়ে মাঠ পর্যায়ে বাস্তবায়িত হবে। বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ওভার হেড ট্যাংক, অফিস বিল্ডিং, ওয়াটার ট্রিটমেন্ট | আলোচ্য বিষয়সমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তদারকি নিশ্চিতকরণ এবং ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত গভীর নলকূপের তালিকা প্রাপ্তি সাপেক্ষে | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্ল্যান, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের টিএসপি এবং ৬ নং গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে এবং রহিমপুর ইউনিয়নে সিদ্ধেশ্বরপুর গামে "রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম" (পরীক্ষামূলক নলকূপ, উৎপাদক নলকূপ, পাম্প হাইজ, ওভার হেড ওয়াটার ট্যাংক ও অন্যান্য কাজসহ) পরীক্ষামূলক নলকূপ এর কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ১৫ টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মূর্তিঙ্গা চা বাগান সপ্রাবি, রুপসপুর সপ্রাবি, রাজদিঘীর পাড় সপ্রাবি, বৃন্দাবনপুর সপ্রাবি, ছয়ছিড়ি বিষ্ণুপুর সপ্রাবি, মহেন্দ্র কুমার সপ্রাবি,সরিষকান্দি সপ্রাবি এবং সুনছড়া সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | দ্রুত কাজ শুরু করতে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, জানুয়ারি/২০২৫ খ্রি: মাসের নতুন সংযোগ- ২৬১ টি, পুন: সুযোগ- ৮২ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৩০৩ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কি:মি:)- ২৫২ কি: মি:। জানুয়ারি/২০২৫ খ্রি: মাসে ১১ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০৪ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। এছাড়া অত্র অফিসের আওতাভূক্ত বিভিন্ন গ্রামে বিতরণ লাইন থেকে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উক্ত চুরি রোধকল্পে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা এবং গ্রাহক সস্যবৃন্দের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে বিভিন্ন প্রতিষ্ঠানসহ সকলের সহযোগিতা কামনা করেন। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান বিবৃতি প্রদান করেছেন। আমারে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী/কৃচ্ছ্রতা সাধনের জন্য অনুরোধ করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির বিবেচনায় আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাঠ/সামাজিক অনুষ্ঠান সম্পন্ন করণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করা হলো। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |
| ৩.১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br><u>জানুয়ারি/২০২৫ খ্রি: মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:</u><br>সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৩৯৮.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ৪০০.৩১, ঋণ আদায় চলতি বছরে ৩৯০.১২। | শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ। |

<table>
<tr><th>নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০৩টি</td><td>৪৬ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>০০ জন</td><td>২২ জন</td><td>৬০১ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৭০</td><td>৫.৭৪</td><td>৩৭.৯৩</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>২.৯০</td><td>৩৪.১০</td><td>১৬৩.২৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>৫.৫০</td><td>৫৭.০০</td><td>২১৪.৭৫</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৪.৩৬</td><td>২৯.০২</td><td>১২০.১৯</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৭.৮৬</td><td>৫২.০৮</td><td>১২৯.৫৭</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>০০</td><td>৮০জন</td><td>৬৪০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০০</td><td>০০</td><td>০২</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠু তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত শীতকালীন পশু খাদ্য, মাসকালাই, তেঁতুল, কামরাঙ্গা, জলপাই, গাজর, লালশাক, মাসিক কৃষি মজুরি, গম ফসলের পূর্বাভাস (অংশ-২) তথ্য প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, জানুয়ারি/২০২৫ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ১৩ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৬০০ জন, উঠান বৈঠকের সংখ্যা ২ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১০০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করা ও ডোর টু ডোর সেবা প্রদান নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৩</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিষয়</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫</td><td>জাতীয় দিবস উদযাপন</td></tr>
<tr><td>খ) উপজেলা নির্বাহী অফিসার এঁর সেপ্টেম্বর/২৪ হতে উপজেলা পরিষদের প্রশাসকের কার্যভার ভাতা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় বেতন স্কেল-২০১৫ নং-এস.আর.ও-৩৬৯-আইন/২০১৫ তারিখ: ১৫/১২/২০১৮ এর অনুচ্ছেদ ২২ মোতাবেক চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালন কালে মূল বেতনের ১০% হারে সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রদেয় হইবে মর্মে নির্দেশনা রয়েছে।</td><td>উপজেলা পরিষদের সম্মানী ভাতা প্রদান খাত</td></tr>
<tr><td>গ) উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত ও সংযোজন</td><td>ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়</td></tr>
<tr><td>ঘ) উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষে বাল্ব প্রতিস্থাপন ও লাইন মেরামত</td><td>ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/ রংকরন</td></tr>
</table></td><td>ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর জাতীয় দিবস উদযাপন খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের প্রশাসককে ১,৫০০/- টাকা হারে মাসিক কার্যভার ভাতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর ক্লোজ সার্কিট ক্যামেরা খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরন খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
</table>

সভাপতি মহোদয়, জানান, কৃষি বিভাগের বিএডিসিকে পরিষদে উপস্থিত থাকার বিষয়ে মতামত দেন। আকস্মিক অগ্নিকান্ড বা প্রাকৃতিক দূ[illegible]া ক্ষতিগ্রস্থ ব্যক্তি/পরিবারকে তথ্য প্রমানের ভিত্তিতে উপজেলা পরিষদ হতে ক্ষতিপূরণের ব্যবস্থা রয়েছে। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

14/02/2025

(মাখন চন্দ্র সূত্রধর)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২২.২৪৬(৪০)

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৬) উপজেলা........................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৭) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৮) জনাব/বেগম----------------------------------------

14/02/2025

(মাখন চন্দ্র সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার হাজিরা

তারিখ:-২৭/০২/২০২৫

Date: ফেব্রুয়ারি/২০২৫

১৬

| ক্র:নং, | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব মাখন চন্দ্র সূত্রধর, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ | |
| ০২. | চেয়ারম্যান, ০১নং, রহিমপুর ইউনিয়ন — | |
| ০৩. | চেয়ারম্যান, ০২নং, পতনঊষার ইউনিয়ন — | |
| ০৪. | চেয়ারম্যান, ০৩নং, মুন্সীবাজার ইউনিয়ন — | |
| ০৫. | চেয়ারম্যান, ০৪নং, শমশেরনগর ইউনিয়ন — | |
| ০৬. | চেয়ারম্যান, ০৫নং, কমলগঞ্জ ইউনিয়ন — | |
| ০৭. | চেয়ারম্যান, ০৬নং, আলীনগর ইউনিয়ন — | |
| ০৮. | চেয়ারম্যান, ০৭নং, আদমপুর ইউনিয়ন — | ২৭/০২/২০২৫ |
| ০৯. | চেয়ারম্যান, ০৮নং, মাধবপুর ইউনিয়ন — | |
| ১০. | চেয়ারম্যান, ০৯নং, ইসলামপুর ইউনিয়ন — | ২৭/২/২৫ |
| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী | |
| ১১. | [illegible] কুমার সিংহ, UAO কমলগঞ্জ | |
| ১২ | ডা. মাহবুবুল আলম, UH&FPO | |
| ১৩ | প্রশান্ত কুমার দাস, UAO | |
| ১৪. | মো: সাইফুল ইসলাম তালুকদার, UPEO | |
| ১৫. | ডা: [illegible], ULO | |
| ১৬. | আসমাউন নাহার পারভীন USEO | |

Date : ......................................................

| | | |
|---|---|---|
| ১৭ | মোঃ সফিকুল আলম, উপজেলা প্রকৌশলী | |
| ১৮ | মোছা: মোসনে আরা তালুকদার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ১৯ | স্বর্ণালী সিনহা, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যআপা | |
| ২০ | [illegible], [illegible] | |
| ২১ | মো: মুজাহিদুল ইসলাম BM/PSB | |
| ২২ | মো: আতিকুর রহমান জিলানী, উ: মৎস্য কর্মকর্তা | |
| ২৩ | শামসুন নাহার, উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা | |
| ২৪ | সাঈদ নাজমুল হাসান - URDO - BRDB | |
| ~~২৫~~ | | |
| ২৫ | ইমরান আলী, [illegible], [illegible] | |
| ~~২৬~~ | | |
| ২৬ | মোঃ সোহেল খান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | |
| ২৭ | মোঃ মালিক আহমেদ ভূঁইয়া, উপজেলা সমবায় অফিসার | |
| ২৮ | মো: হাবিবুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ২৯ | সুজন [illegible], উপ-সহকারী প্রকৌশলী - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | |
| ৩০ | [illegible] আলম, উপজেলা প্রকল্প কর্মকর্তা [illegible] বি আর ডি বি | |
| ৩১ | [illegible] পাল, পি আই ও ২ | |